রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৬, ২০১৭

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৭—৯৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২২৫—২৪৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৩—৩৭ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৫১—১৭৭ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.১৮০.২৭.০২.০০.০০৫.২০১৬-৬০০**—যেহেতু সৈয়দা জেবিননিছা সুলতানা (৬০৫৯), উপসচিব বর্তমানে উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী, রাজশাহী সিটি কর্পোরেশনের সচিব পদে প্রেষণে কর্মরত থাকাকালে এবং প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালনকালে ২৩–২৭ মে ২০১৬ তারিখে সিঙ্গাপুরে অনুষ্ঠেয় "Executive Seminar on Urban Climate Change Adaptation & Resilience" শীর্ষক সেমিনারে অংশগ্রহণের জন্য রাজশাহী সিটি কর্পোরেশনের ১২-০৫-২০১৬ তারিখের ৪৬.০৩.৬১০০.০০৩.০৩.১৯৬৪১৬.১৪০৫(১২) নং স্মারকে তিনিসহ ০১(এক) জন নির্বাহী প্রকৌশলীর বিদেশ গমনের অফিস আদেশ জারি করেন। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ থেকে বিগত ১৮ মে ২০১৬ তারিখে ৪৬.০৩৯.০২৫.০০.০০.০১১.২০১৪-৮৩৩ নং স্মারকে তিনিসহ মোট ৪(চার) জনকে বর্ণিত সেমিনারে অংশগ্রহণের জন্য অনুমোদন দেয়া হয়। কিন্তু তিনি স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রাপ্তির পূর্বেই বিদেশ ভ্রমণের অফিস আদেশ জারি করেছেন যা সরকারি নির্দেশনা ও চাকরির শৃঙ্খলা পরিপন্থী কাজ;

উল্লিখিত অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) (iv) অনুযায়ী "অদক্ষতা (Inefficiency)" ও বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে তাকে কারণ দর্শাতে এবং তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা তাও জানাতে নির্দেশ দেয়া হয়। তিনি গত ০৯-১০-২০১৬ তারিখের অভিযোগ হতে অব্যাহতির প্রার্থনা করে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে ১৫-১১-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

ব্যক্তিগত শুনানীতে সরকার পক্ষে নথি উপস্থাপনকারী কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর সমর্থন করে বক্তব্য উপস্থাপন করেন। অভিযুক্ত কর্মকর্তা সৈয়দা জেবিননিছা সুলতানা শুনানিতে বলেন যে, বিদেশি সংস্থার অর্থায়নে আয়োজিত সেমিনারে সঠিক সময়ে কর্মকর্তাদের অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি অক্ষুণ্ন রাখার স্বার্থে এবং শুধুমাত্র ভিসা প্রক্রিয়া চলমান রাখার জন্যই রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র এর নির্দেশে সাময়িক অফিস আদেশ জারি করেন। তিনি এ ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) (iv) অনুযায়ী "অদক্ষতা (Inefficiency)" ও বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব সৈয়দা জেবিননিছা সুলতানা (৬০৫৯), উপসচিব, প্রাক্তন সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন বর্তমানে উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রাপ্তির পূর্বে বিদেশ ভ্রমণের আদেশ জারি করেছেন যা অনুচিত এবং অনাকাঙ্খিত। জনাব সৈয়দা জেবিননিছা সুলতানা (৬০৫৯) একজন নবীন কর্মকর্তা বিবেচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) (iv) অনুযায়ী "অদক্ষতা (Inefficiency)" ও বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর আনীত অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(২) এ বিধি মোতাবেক তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/৩০ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৩.১৬(বিমা)-৬২০**—যেহেতু, জনাব এস.এম জাহাঙ্গীর হোসেন (১৫৮৩৮), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, বারহাট্টা, নেত্রকোণা বর্তমানে সিনিয়র সহকারী সচিব, হাসপাতাল-৩ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বারহাট্টা উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত থাকাকালে সহকারী কমিশনার (ভূমি) এর অতিরিক্ত দায়িত্ব পালনকালে প্রকাশিত গেজেট অনুযায়ী প্রত্যর্পণযোগ্য 'ক' তফসিলভুক্ত সম্পত্তি সংশ্লিষ্ট ভি.পি সহকারীর যাচাই-বাছাই ব্যতিরেকেই বিধি বহির্ভূতভাবে নামজারি ও জমাখারিজ করে খতিয়ান পর্চায় স্বাক্ষরপূর্বক ডি.সি.আর প্রদান করা, স্বীয় কর্মস্থল হতে অবমুক্তির পূর্বে ভি.পি সহকারী কর্তৃক যাচাই-বাছাই ব্যতীত ৩৮ (আটত্রিশ) টি নামজারি ও জমাখারিজ মোকদ্দমা নথির অনুমোদন করা, হঠকারিতার আশ্রয় নিয়ে কারণ দর্শানোর জবাবের সহিত নামজারি ও জমাখারিজ মোকদ্দমা বাতিলের আদেশের ফটোকপি প্রেরণ করার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" "দুর্নীতিপরায়ণ (Corrupt)"-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের গত ১০-১০-২০১৬ তারিখের ০৫.০০.০০০০. ১৮৪.২৭.০০৩.১৬ (বিমা)-৫৩৯ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে গত ৩০-১০-২০১৬ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ২৯-১১-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে অভিযুক্ত কর্মকর্তা জানান যে, তাঁর লিখিত বক্তব্যকে সমর্থন করেন ও মৌখিক বক্তব্যে তিনি সংশ্লিষ্ট ভি.পি সহকারীর যাচাই-বাছাই ব্যতিরেকেই "ক" তফসিলভুক্ত ভি. পি সম্পত্তি সংশ্লিষ্ট মোকদ্দমা নং ৬৭৬ (IX-I) ১৪-১৫ অনুমোদন করা এবং একই তারিখে খতিয়ান পর্চায় স্বাক্ষরপূর্বক ডি. সি. আর. প্রদান করার বিষয়টি স্বীকার করেন। সরকার পক্ষের নথি উপস্থাপনকারী কর্মকর্তা নামজারি ও জমাখারিজ মোকদ্দমার যে মূল নথিটি উপস্থাপন করেন তাতে বাতিলের কোন আদেশ দেখা যায় না। তবে পরবর্তীতে উক্ত নামজারি ও জমাখারিজটি বাতিল করা হয়েছে মর্মে সরকার পক্ষের নথি উপস্থাপনকারী কর্মকর্তার বক্তব্যে জানা যায়। এর ফলে সরকারি স্বার্থ সংরক্ষিত হয়েছে। তিনি স্বীয় কর্মস্থল হতে অবমুক্তির প্রাক্কালে সংশ্লিষ্ট ভি. পি সহকারী কর্তৃক যাচাই-বাছাই ব্যতিরেকেই ৩৮টি নামজারি ও জমাখারিজ মোকদ্দমার নথি অনুমোদন করে অদক্ষতার পরিচয় দেন;

যেহেতু, উভয় পক্ষের বক্তব্য, অভিযুক্তের জবাব, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি ও আনুষঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা প্রকাশিত গেজেট অনুযায়ী প্রত্যর্পণযোগ্য 'ক' তফসিলভুক্ত সম্পত্তি সংশ্লিষ্ট ভি. পি সহকারীর যাচাই-বাছাই ব্যতিরেকেই বিধি বহির্ভূতভাবে নামজারি ও জমাখারিজ করে খতিয়ান পর্চায় স্বাক্ষরপূর্বক ডি. সি. আর প্রদান করা, স্বীয় কর্মস্থল হতে অবমুক্তির পূর্বে ভি. পি সহকারী কর্তৃক যাচাই-বাছাই ব্যতীত ৩৮(আটত্রিশ) টি নামজারি ও জমাখারিজ মোকদ্দমা নথির অনুমোদন করা, হঠকারিতার আশ্রয় নিয়ে কারণ দর্শানোর জবাবের সহিত নামজারি ও জমাখারিজ মোকদ্দমা বাতিলের আদেশের ফটোকপি প্রেরণ করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর দায়ে দোষী। এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য।

সেহেতু, জনাব এস. এম জাহাঙ্গীর হোসেন (১৫৮৩৮), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, বারহাট্টা, নেত্রকোণা বর্তমানে সিনিয়র সহকারী সচিব, হাসপাতাল-৩ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত এবং প্রমাণিত "অসদাচারণ (Misconduct)" এর অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী তাঁর ০২ (দুই) টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ২(দুই) বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে তিনি এ সময়কালের কোন বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
**শাখা-১ (প্রশাসন)**

**পরিপত্র**

তারিখ, ০৯ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/২৩ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের ছুটি, সাধারণ ভবিষ্য তহবিলের অগ্রিম মঞ্জুরি এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাগণের পিআরএল ও পেনশন মঞ্জুরির ক্ষমতা বিকেন্দ্রীকরণ।**

**নং ০৮.০০.০০০০.০৩৬.১৮.০৭৩.১৫-১৩৭৫**—মন্ত্রিপরিষদ বিভাগের ০৮-০৬-২০১৬ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৭.১৫-২২৭ নম্বর স্মারকের প্রেক্ষিতে প্রশাসনে গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এবং ট্যাক্সেস আপীলাত ট্রাইব্যুনালে কর্মরত কর্মকর্তাদের অর্জিত ছুটি, মাতৃত্বকালীন ছুটি, শ্রান্তি ও বিনোদন ছুটি, সাধারণ ভবিষ্য তহবিলের অগ্রিম মঞ্জুরি এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাদের পিআরএল ও পেনশন মঞ্জুরির ক্ষমতা মাঠ পর্যায়ের কর্মকর্তাদের উপর নিম্নরূপভাবে অর্পণ করা হলো ঃ

**বোর্ড প্রশাসন অনুবিভাগ**

| ক্রমিক নং | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | |
|---|---|---|---|---|
| | | ক্যাটাগরি-১ বিভাগীয় প্রধান | ক্যাটাগরি-২ দপ্তর প্রধান | ক্যাটাগরি-৩ |
| | | চেয়ারম্যান | সদস্য (বোর্ড প্রশাসন) | প্রথম সচিব (বোর্ড প্রশাসন) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | বিএসআর এর বিধি ১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে/অর্ধ গড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি। | সিস্টেমস ম্যানেজার ও ৪র্থ গ্রেডের অন্যান্য কর্মকর্তা। | নিজ দপ্তরের পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার)। | নিজ দপ্তরের নবম-৬ষ্ঠ গ্রেডভুক্ত কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং গ্রেড ১০-২০ পর্যন্ত সকল কর্মকর্তা/কর্মচারী। |
| ০২। | দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরি। | সিস্টেমস ম্যানেজার ও ৪র্থ গ্রেডের অন্যান্য কর্মকর্তা। | নিজ দপ্তরের পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার)। | নিজ দপ্তরের নবম-৬ষ্ঠ গ্রেডভুক্ত কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং গ্রেড ১০-২০ পর্যন্ত সকল কর্মকর্তা/কর্মচারী। |
| ০৩। | বিএসআর এর বিধি-১৪৯ এবং বিধি ১৯৭-এর উপবিধি-১ অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরি। | ৩য় ও ৪র্থ গ্রেডের কর্মকর্তা। | নিজ দপ্তরের পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার)। | নিজ দপ্তরের নবম-৬ষ্ঠ গ্রেডভুক্ত কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং গ্রেড ১০-২০ পর্যন্ত সকল কর্মকর্তা/কর্মচারী। |
| ০৪। | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পিআরএল, পেনশন/পারিবারিক পেনশন ও অবসর প্রদান [ গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত]। | -- | নিজ দপ্তরের ১০ম গ্রেডের কর্মকর্তা। | নিজ দপ্তরের ১১-২০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী। |
| ০৫। | সাধারণ ভবিষ্য তহবিল থেকে অগ্রিম মঞ্জুরি [সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি-১৩(১)] । | ৩য় ও ৪র্থ গ্রেডের কর্মকর্তা। | গৃহ নির্মাণ ও বিশেষ বিবেচনা ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে নিজ দপ্তরের ৯ম-৫ম গ্রেড পর্যন্ত সকল গেজেটেড কর্মকর্তা। | নিজ দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী। |

**শুল্ক ও ভ্যাট প্রশাসন অনুবিভাগ**

| ক্রমিক নং | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | | |
|---|---|---|---|---|---|
| | | ক্যাটাগরি-১ বিভাগীয় প্রধান (অধিদপ্তর/পরিদপ্তর) | ক্যাটাগরি-২ বিভাগ/আঞ্চলিক দপ্তর প্রধান | ক্যাটাগরি-৩ জেলা পর্যায়ের দপ্তর প্রধান | ক্যাটাগরি-৪ উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান |
| | | চেয়ারম্যান | সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন) | কমিশনার (শুল্ক ও ভ্যাট) | উপ কমিশনার/ সহকারী কমিশনার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | বিএসআর এর বিধি ১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/ পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে/অর্ধ গড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি। | কমিশনার/ মহাপরিচালক | (ক) নিজ দপ্তরের নবম-চতুর্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) কমিশনারেট/ অধিদপ্তর/ পরিদপ্তরের চতুর্থ গ্রেডভুক্ত কর্মকর্তা। | (ক) নিজ দপ্তর এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর সমূহের নবম-পঞ্চম গ্রেডভুক্ত কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং অন্যান্য সকল কর্মচারী। | -- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ০২। | দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরি। | কমিশনার/ মহাপরিচালক | (ক) নিজ দপ্তরের নবম থেকে চতুর্থ গ্রেডভুক্ত প্রথম কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) কমিশনারেট/ অধিদপ্তর/ পরিদপ্তরের চতুর্থ গ্রেডভুক্ত কর্মকর্তা। | (ক) নিজ দপ্তর এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর সমূহের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত কর্মকর্তা/ দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং অন্যান্য সকল কর্মচারী। | -- |
| ০৩। | বিএসআর এর বিধি-১৪৯ এবং বিধি ১৯৭-এর উপবিধি-১ অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরি। | কমিশনার/ মহাপরিচালক | (ক) নিজ দপ্তরের নবম থেকে চতুর্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) ও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) কমিশনারেট/ অধিদপ্তর/ পরিদপ্তরের চতুর্থ গ্রেডভুক্ত কর্মকর্তা। | (ক) নিজ দপ্তর এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর সমূহের নবম-পঞ্চম গ্রেডভুক্ত কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার)/দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং অন্যান্য সকল কর্মচারী। | নিজ দপ্তরের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর সমূহের ১০-২০ তম গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী। |
| ০৪। | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পিআরএল, পেনশন/ পারিবারিক পেনশন ও অবসর প্রদান [গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত]। | -- | নিজ দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী। | নিজ দপ্তরের ও অধিনস্থ দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী। | -- |
| ০৫। | সাধারণ ভবিষ্য তহবিল থেকে অগ্রিম মঞ্জুরি [সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি-১৩(১)]। | জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য এবং কমিশনার/ মহাপরিচালক | (ক) গৃহ নির্মাণ ও বিশেষ বিবেচনা ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে নিজ দপ্তরের ৪র্থ গ্রেড পর্যন্ত সকল গেজেটেড কর্মকর্তা।<br>(খ) কমিশনারেট/ অধিদপ্তর/পরিদপ্তরের সকল গেজেটেড কর্মকর্তা। | (ক) নিজ দপ্তর ও অধিনস্থ দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী।<br>(খ) নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী। | -- |

**আয়কর অনুবিভাগ**

| ক্রমিক নং | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | | |
|---|---|---|---|---|---|
| | | ক্যাটাগরি-১<br>বিভাগীয় প্রধান (অধিদপ্তর/পরিদপ্তর) | ক্যাটাগরি-২<br>বিভাগ/আঞ্চলিক দপ্তর প্রধান | ক্যাটাগরি-৩<br>জেলা পর্যায়ের দপ্তর প্রধান | ক্যাটাগরি-৪<br>উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান |
| | | চেয়ারম্যান | সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) | কর কমিশনার | অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | বিএসআর এর বিধি ১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে/অর্ধ গড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি। | কমিশনার/মহাপরিচালক, সিআইসি/অতিরিক্ত কমিশনার। | (ক) নিজ দপ্তরের নবম-পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ের পঞ্চম গ্রেডভুক্ত দপ্তর প্রধান এবং পঞ্চম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | (ক) নিজ দপ্তর এবং নিয়ন্ত্রণাধীন দপ্তরের নবম-৬ষ্ঠ গ্রেডভুক্ত কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং অন্যান্য সকল কর্মচারী।<br>(খ) জেলা/উপজেলা পর্যায়ের ৬ষ্ঠ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা। | নিজ দপ্তরের এবং নিয়ন্ত্রণাধীন দপ্তরের নবম-৬ষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং নিজ দপ্তরের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ০২। | দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরি। | কমিশনার/মহাপরিচালক, সিআইসি/অতিরিক্ত কমিশনার। | (ক) নিজ দপ্তরের নবম-চতুর্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। (খ) বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ের চতুর্থ গ্রেডভুক্ত দপ্তর প্রধান এবং চতুর্থ গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | (ক) নিজ দপ্তর এবং নিয়ন্ত্রণাধীন দপ্তরের নবম-৬ষ্ঠ গ্রেডভুক্ত কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার)/দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং অন্যান্য সকল কর্মচারী। (খ) জেলা/উপজেলা পর্যায়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা। | নিজ দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত কর্মকর্তা এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং নিয়ন্ত্রণাধীন দপ্তরের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত দপ্তর প্রধান। |
| ০৩। | বিএসআর-এর বিধি-১৪৯ এবং বিধি ১৯৭-এর উপবিধি-১ অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরি। | কমিশনার/মহাপরিচালক, সিআইসি/অতিরিক্ত কমিশনার। | (ক) নিজ দপ্তরের নবম-পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। (খ) কমিশনারেট/ অধিদপ্তর/ পরিদপ্তরের চতুর্থ গ্রেডভুক্ত কর্মকর্তা। | (ক) নিজ দপ্তর এবং নিয়ন্ত্রণাধীন দপ্তরের নবম-পঞ্চম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। (খ) জেলা/উপজেলা পর্যায়ের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা। | নিজ দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত কর্মকর্তা এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা এবং নিয়ন্ত্রণাধীন দপ্তরের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত দপ্তর প্রধান। |
| ০৪। | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পিআরএল, পেনশন/ পারিবারিক পেনশন ও অবসর প্রদান [গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত]। | -- | নিজ দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী। | (ক) নিজ দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী। (খ) নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ের দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী। | -- |
| ০৫। | সাধারণ ভবিষ্য তহবিল থেকে অগ্রিম মঞ্জুরি [সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি-১৩(১)]। | জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য এবং কমিশনার/ মহাপরিচালক, সিআইসি/ কমিশনার। | (ক) গৃহ নির্মাণ ও বিশেষ বিবেচনা ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে নিজ দপ্তরের ৪র্থ গ্রেড পর্যন্ত সকল গেজেটেড কর্মকর্তা এবং জেলা পর্যায়ের দপ্তর এবং উপজেলা পর্যায়ের দপ্তরের সকল গেজেটেড কর্মকর্তা। | (ক) নিজ দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/ কর্মচারী। (খ) নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ের দপ্তরের ১০-২০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী। | -- |

## জাতীয় সঞ্চয় অধিদপ্তর

| ক্রমিক নং | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | | |
|---|---|---|---|---|---|
| | | ক্যাটাগরি-১ বিভাগীয় প্রধান (অধিদপ্তর/পরিদপ্তর) | ক্যাটাগরি-২ বিভাগ/আঞ্চলিক দপ্তর প্রধান | ক্যাটাগরি-৩ জেলা পর্যায়ের দপ্তর প্রধান | ক্যাটাগরি-৪ উপজেলা পর্যায়ের |
| | | মহাপরিচালক | উপ-পরিচালক | সহকারী পরিচালক | দপ্তর প্রধান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | বিএসআর এর বিধি ১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে/অর্ধ গড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি। | (ক) নিজ দপ্তরের নবম-চতুর্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ। (খ) বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক/সহকারী পরিচালক। | (ক) নিজ দপ্তরের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ। (খ) বিভাগের আওতাধীন জেলা পর্যায়ের সঞ্চয় অফিসার ও অন্যান্য দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | নিজ দপ্তরের সকল কর্মচারী। | -- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ০২। | দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরি। | (ক) নিজ দপ্তরের নবম-চতুর্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ। (খ) বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক/ সহকারী পরিচালক। | (ক) নিজ দপ্তরের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীগণ। (খ) বিভাগের আওতাধীন জেলা পর্যায়ের সঞ্চয় অফিসার ও অন্যান্য ২য় শ্রেণির কর্মকর্তা। | নিজ দপ্তরের সকল কর্মচারী। | -- |
| ০৩। | বিএসআর-এর বিধি-১৪৯ এবং বিধি ১৯৭-এর উপবিধি-১ অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরি। | (ক) নিজ দপ্তরের নবম-চতুর্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ। (খ) বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক/ সহকারী পরিচালক। | (ক) নিজ দপ্তরের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীগণ। (খ) বিভাগের আওতাধীন জেলা পর্যায়ের সঞ্চয় অফিসার ও অন্যান্য ২য় শ্রেণির কর্মকর্তা। | নিজ দপ্তরের সকল কর্মচারী। | -- |
| ০৪। | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পিআরএল, পেনশন/ পারিবারিক পেনশন ও অবসর প্রদান [গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত]। | নিজ দপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীগণ এবং অধীনস্থ সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও সকল কর্মচারীগণ। | -- | -- | -- |
| ০৫। | সাধারণ ভবিষ্য তহবিল থেকে অগ্রিম মঞ্জুরি [সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি-১৩(১)]। | গৃহ নির্মাণ ও বিশেষ বিবেচনা ব্যতীত অন্যান্য সকল উদ্দেশ্যে নিজ দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী এবং অধীনস্থ দপ্তরসমূহের সকল গেজেটেড কর্মকর্তা। | নিজ দপ্তরের এবং জেলা পর্যায়ের ১১-২০ গ্রেডভুক্ত কর্মচারীগণ। | -- | -- |

## কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল

| ক্রমিক নং | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | | |
|---|---|---|---|---|---|
| | | ক্যাটাগরি-১ বিভাগীয় প্রধান (অধিদপ্তর/পরিদপ্তর) | ক্যাটাগরি-২ বিভাগ/আঞ্চলিক দপ্তর প্রধান | ক্যাটাগরি-৩ জেলা পর্যায়ের দপ্তর প্রধান | ক্যাটাগরি-৪ উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান |
| | | প্রেসিডেন্ট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | বিএসআর এর বিধি ১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/ পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে/অর্ধ গড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি। | নিজ দপ্তরের নবম থেকে ৩য় গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ। | -- | -- | -- |
| ০২। | দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরি। | নিজ দপ্তরের নবম থেকে ৩য় গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীগণ। | -- | -- | -- |
| ০৩। | বিএসআর-এর বিধি-১৪৯ এবং বিধি ১৯৭-এর উপবিধি-১ অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরি। | নিজ দপ্তরের নবম থেকে ৩য় গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীগণ। | -- | -- | -- |
| ০৪। | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পিআরএল, পেনশন/ পারিবারিক পেনশন ও অবসর প্রদান [গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত]। | নিজ দপ্তরের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | -- | -- | -- |
| ০৫। | সাধারণ ভবিষ্য তহবিল থেকে অগ্রিম মঞ্জুরি [সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি-১৩(১)]। | গৃহ নির্মাণ ও বিশেষ বিবেচনা ব্যতীত অন্যান্য সকল উদ্দেশ্যে নিজ দপ্তরের সকল গেজেটেড কর্মকর্তা। | | | |

**কর আপীলাত ট্রাইব্যুনাল**

| ক্রমিক নং | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | | |
|---|---|---|---|---|---|
| | | ক্যাটাগরি-১<br>বিভাগীয় প্রধান (অধিদপ্তর/পরিদপ্তর)<br>প্রেসিডেন্ট | ক্যাটাগরি-২<br>বিভাগ/আঞ্চলিক দপ্তর প্রধান | ক্যাটাগরি-৩<br>জেলা পর্যায়ের দপ্তর প্রধান | ক্যাটাগরি-৪<br>উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | বিএসআর এর বিধি ১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/ পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে/অর্ধ গড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি। | নিজ দপ্তরের নবম থেকে ৩য় গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ। | -- | -- | -- |
| ০২। | দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জরী। | নিজ দপ্তরের নবম থেকে ৩য় গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীগণ। | -- | -- | -- |
| ০৩। | বিএসআর-এর বিধি-১৪৯ এবং বিধি ১৯৭-এর উপবিধি-১ অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরী। | নিজ দপ্তরের নবম থেকে ৩য় গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীগণ। | -- | -- | -- |
| ০৪। | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পিআরএল, পেনশন/ পারিবারিক পেনশন ও অবসর প্রদান [গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত]। | নিজ দপ্তরের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | -- | -- | -- |
| ০৫। | সাধারণ ভবিষ্য তহবিল থেকে অগ্রিম মঞ্জুরি [সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি-১৩(১)]। | গৃহ নির্মাণ ও বিশেষ বিবেচনা ব্যতীত অন্যান্য সকল উদ্দেশ্যে নিজ দপ্তর, বিভাগ/আঞ্চলিক দপ্তরের সকল গেজেটেড কর্মকর্তা। | | | |

০২। এতে নিম্নবর্ণিত শর্তসমূহ অনুসরণ করতে হবে ঃ—

ক) ছুটি মঞ্জুরী আদেশের অনুলিপি মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে;

খ) ছুটিকালীন বিকল্প কর্মকর্তা নিশ্চিত করে ছুটি মঞ্জুর করতে হবে;

গ) ছুটি মঞ্জুরের অনুপিপি নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

**মোঃ নজিবুর রহমান**
সিনিয়র সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**বেতার-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ১৫.০০.০০০০.০২১.২৭.০০৮.১৬.৫০১**—যেহেতু, জনাব মোঃ রাসেল শেখ, সহকারী পরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকায় কর্মরত ছিলেন। উক্ত কর্মকালে তার বিরুদ্ধে গত ০২-০৬-২০১৬ তারিখ অপরাহ্ন ৩.২০ মিনিটে জাতীয় সংসদ অধিবেশনে ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট ঘোষণার পূর্ব মুহূর্তে বাংলাদেশ বেতারের মৌখিক নিষেধাজ্ঞা সত্ত্বেও নিষিদ্ধ গানটি বাংলাদেশ বেতারে প্রচার করায় সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা নং ৮/২০১৬ রুজুকরতঃ তথ্য মন্ত্রণালয়ের ১৮-০৮-২০১৬ তারিখের ১৫.০০.০০০০.০২১. ২৭.০০৮.১৬.৩৪৮ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০৪-০৯-২০১৬ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং তার আবেদনের প্রেক্ষিতে গত ০৯-১১-২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানীকালে দাখিলকৃত জবাব ছাড়াও লিখিত বক্তব্য প্রদান করেন;

যেহেতু, তিনি বক্তব্যে উল্লেখ করেছেন যে, ০২-০৬-২০১৬ তারিখে জাতীয় সংসদ অধিবেশনে ২০১৬-২০১৭ অর্থ বছরে বাজেট ঘোষণার দিন অভিযোগে বর্ণিত বিষয়ে তার কোন দায়িত্ব ছিলনা। এর সপক্ষে তিনি ডিউটি চার্ট দাখিল করেন;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, জবাব, শুনানী, দাখিলকৃত আনুষঙ্গিক কাগজপত্র এবং প্রাসঙ্গিক সকর বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা পরিচালনার মতো উপযুক্ত ভিত্তি নেই মর্মে প্রতীয়মান হয়েছে;

সেহেতু, সার্বিক বিবেচনায় বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের সহকারী পরিচালক (অনুষ্ঠান), বর্তমানে সাময়িকভাবে বরখাস্ত এবং বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকায় সংযুক্ত জনাব মোঃ রাসেল শেখ-কে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-৮/২০১৬ এর দায় থেকে সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ৭(২)(এ) নং বিধি মোতাবেক অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

---

**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ অগ্রহায়ণ ১৪২২/৩০ নভেম্বর ২০১৬

**নং ১৫.০০.০০০০.০২৭.৩১.০৩০.১৪.৭৬৯**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত মানসম্পন্ন চলচ্চিত্র নির্মাণের লক্ষ্যে অনুদান কমিটির কাজে সহায়তা প্রদানকল্পে অনুদান কমিটিভুক্ত একাধিক সদস্যের সমন্বয়ে সরকার নিম্নরূপভাবে "স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান উপ-কমিটি" গঠন করলেন;

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | জনাব মানজারেহাসীন মুরাদ, চলচ্চিত্র ব্যক্তিত্ব | সদস্য |
| ৩. | জনাব রেজানুর রহমান, সাংবাদিক ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাতা | সদস্য |
| ৪. | বেগম শামীম আখতার, চলচ্চিত্র নির্মাতা | সদস্য |
| ৫. | যুগ্মসচিব/উপসচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয় | সদস্য-সচিব |

০২। **কমিটির কার্যপরিধি** ঃ

(ক) চলচ্চিত্র অনুদান কমিটির সভাপতির অনুমোদন/ নির্দেশক্রমে উপ-কমিটির কার্যক্রম ও দায়িত্ব পরিচালনা;

(খ) সরকারি অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণকালে রাশ প্রিন্ট দেখে নির্মাণাধীন চলচ্চিত্রের মান নিরূপণ এবং অনুদানের অর্থের কিস্তি ছাড়করণের বিষয়ে সুপারিশ প্রদান;

(গ) চলচ্চিত্র অনুদান কমিটির কাজে সার্বিক সহযোগিতা প্রদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এন. নজমুল হোসেন খান**
উপসচিব।

---

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**উন্নয়ন-০৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ কার্তিক ১৪২৩/০৬ নভেম্বর ২০১৬

